তারিখ 09 FEB 1989
পৃষ্ঠা ... কলাম ...

# প্রথম বর্ষ বি, এসসি, ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

# বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, (বি, আই, টি) খুলনা/চট্টগ্রাম/রাজশাহী

## শিক্ষাবর্ষ ১৯৮৮-৮৯

১। বি, আই, টি, খুলনা/চট্টগ্রাম/রাজশাহীতে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, পুরকৌশল এবং যন্ত্রকৌশল বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি পরীক্ষা খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী বি, আই, টি-তে সম্মিলিতভাবে একই প্রশ্নে এবং একই তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং প্রার্থীদের পছন্দের ভিত্তিতে উপরোক্ত তিন বি, আই, টি'র বিভিন্ন বিভাগে ছাত্র ভর্তি করা হবে।

২। প্রার্থীর সাধারণ যোগ্যতাঃ

(ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) মাধ্যমিক পরীক্ষায় প্রার্থীকে গ্রেস নম্বর বাদে অন্ততঃ ৫০% নম্বর পেয়ে পাস হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাস হতে হবে।

(গ) প্রার্থীকে ১৯৮৭ অথবা ১৯৮৮ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গ্রেস নম্বর বাদে অন্ততঃ দ্বিতীয় বিভাগে পাস হতে হবে। এই পরীক্ষায় গণিত, পদার্থ বিদ্যা ও রসায়ন— এই তিন বিষয়ে গ্রেস নম্বর বাদে গড়ে অন্ততঃ ৬০% নম্বর এবং পৃথকভাবে প্রতিটিতে গ্রেস বাদে অন্ততঃ ৫০% নম্বর পেতে হবে অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমমানের কোন পরীক্ষায় এবং উক্ত বিষয়গুলিতে কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাস হতে হবে। মাধ্যমিক পরীক্ষায় কোন বিষয়ে অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষার ঐচ্ছিক বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে পাসের জন্য গ্রেস নম্বর পেয়ে থাকলে দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

৩। দরখাস্ত করার নিয়মঃ

(ক) দরখাস্তের নির্ধারিত ফরম ও আনুষংগিক নিয়মাবলী ১৫.০০ (পনের) টাকার বিনিময়ে খুলনা, চট্টগ্রাম বা রাজশাহী বি, আই, টি'র পরিচালক-এর অফিস থেকে অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে সংগ্রহ করা যাবে। ডাকযোগে ফরম পেতে হলে নীচের যে কোন একটি ঠিকানায় ১৫.০০ (পনের) টাকার ব্যাংক ড্রাফটসহ ৮.০০ (আট) টাকার ডাক টিকিটসম্বলিত প্রার্থীর ঠিকানাযুক্ত ১০"×৫১/২" আকারের একটি খাম পাঠাতে হবে।

| ফরম প্রাপ্তি ও জমা দেওয়ার ঠিকানা | ড্রাফট করার পদ্ধতি |
| --- | --- |
| (ক) পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, পোঃ ইঞ্জিনিয়ারিং কলেজ, পোস্ট কোড নং-৯২০৩, খুলনা। | সভাপতি, ভর্তি কমিটি-এর অনুকূলে শুধুমাত্র জনতা ব্যাংক, খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ শাখা-এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)। |
| (খ) পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, পোস্ট-ইঞ্জিনিয়ারিং কলেজ, পোস্ট কোড নং-৪৩৪৯, চট্টগ্রাম। | সভাপতি, ভর্তি কমিটি-এর অনুকূলে শুধুমাত্র সোনালী ব্যাংক, পাহাড়তলী (চৌমুহনী) শাখা, চট্টগ্রাম-এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)। |
| (গ) পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, পোস্ট-কাজলা, পোস্ট কোড নং-৬২০৪, রাজশাহী। | সভাপতি, ভর্তি কমিটি-এর অনুকূলে শুধুমাত্র রূপালী ব্যাংক, রাজশাহী ইঞ্জিনিয়ারিং কলেজ শাখা-এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)। |

দ্রষ্টব্যঃ

(ক) যেহেতু সকল দরখাস্ত কেন্দ্রীয়ভাবে বিবেচনা করা হবে, সেহেতু একজন প্রার্থীর জন্য একটি দরখাস্তই যথেষ্ট। দরখাস্ত যে কেন্দ্রেই জমা দেয়া হোক না কেন, শুধুমাত্র প্রার্থীর ভর্তি পরীক্ষায় মেধা এবং নিজস্ব পছন্দের ক্রমানুসারেই আসন নির্ধারণ করা হবে।

(খ) প্রত্যেক প্রার্থীকে নিজ হাতে দরখাস্ত পূরণ করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল হতে পারে। দরখাস্তের সাথে নীচের দলিলগুলি জমা দিতে হবেঃ

(১) যে বি, আই, টি-তে ফরম জমা হচ্ছে, সেই বি, আই, টি'র "সভাপতি, ভর্তি কমিটি"-এর অনুকূলে নির্দিষ্ট ব্যাংকে (যে বি, আই, টি-এর জন্য যে ব্যাংক পূর্বে উল্লেখিত) ৬০.০০ (ষাট) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য)।

(২) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(৩) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

(৪) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

(৫) প্রার্থী যে যে প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষাসমূহ পাস করেছে, সেই প্রতিষ্ঠানগুলির প্রধানদের দেয়া প্রত্যয়নপত্র দু'টির সত্যায়িত ফটোকপি।

(৬) প্রার্থীর সত্যায়িত তিন কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।

(৭) উপ-জাতীয়তার/সনদের মূল কপি (প্রযোজ্য হলে)।

(৮) শিক্ষা বিরতিকালীন সময়ের কার্যকলাপের সনদের মূলকপি (অনিয়মিত প্রার্থীর ক্ষেত্রে)।

৪। ভর্তি পরীক্ষার নিয়মঃ

(ক) খুলনা, চট্টগ্রাম বা রাজশাহী বি, আই, টি-তে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল সঠিক দরখাস্তের মধ্য থেকে গণিত, পদার্থ বিদ্যা ও রসায়ন— এই তিন বিষয়ে পাওয়া মোট নম্বরের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এই তালিকা থেকে প্রথম সাড়ে পাঁচ হাজার জন প্রার্থীকে (খুলনা-১২৫০, চট্টগ্রাম-২৫০০ ও রাজশাহী-১৭৫০) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। অনুমোদিত প্রার্থীদেরকে তাদের পছন্দ অনুযায়ী খুলনা, চট্টগ্রাম বা রাজশাহী বি, আই, টি-তে ভর্তি পরীক্ষা দিতে দেয়ার চেষ্টা করা হবে, তবে স্থানসংকুলান না হলে অন্য কেন্দ্রে পরীক্ষা দিতে হতে পারে। সেক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পরীক্ষার গণিত, পদার্থ বিদ্যা ও রসায়নে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে অগ্রাধিকার দেয়া হবে। কেন্দ্র পরিবর্তনের আবেদন গৃহীত হবে না। উল্লেখ্য যে, তিন বি, আই, টি, খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী কেন্দ্রে একই সময়ে একই প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া হবে।

(খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের সম্পূর্ণ তালিকা সংশ্লিষ্ট তিন বি, আই, টি'র নোটিশ বোর্ডে দেয়া হবে। এ সম্পর্কে পত্রিকাতেও সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি দেয়া হবে। প্রার্থীদেরকে নিজ দায়িত্বে তাদের সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নাম জেনে নিতে হবে।

(গ) গণিত, পদার্থ বিদ্যা ও রসায়ন-এর প্রত্যেকটিতে ২০০ এবং ইংরেজীতে ১০০ অর্থাৎ মোট ৭০০ নম্বরের সাড়ে তিন ঘন্টাব্যাপী একটি লিখিত ভর্তি পরীক্ষা নেয়া হবে। প্রধানতঃ উচ্চ মাধ্যমিক সিলেবাসের অনুক্রমে প্রশ্ন থাকবে, তবে কিছু মৌলিক প্রশ্ন সিলেবাসের বাইরেও থাকতে পারে।

(ঘ) সম্মিলিত ভর্তি পরীক্ষায় ২১০ নম্বরের কম পেলে প্রার্থী ভর্তির জন্য বিবেচিত হবে না। সকল কেন্দ্রে একই সময়ে এবং একই প্রশ্নে অনুষ্ঠিত সম্মিলিত ভর্তি পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রস্তুত এক মেধা তালিকা থেকে প্রথম ৫৪০ জনকে ডাক্তারী পরীক্ষা সাপেক্ষে বিভিন্ন বি, আই, টি-তে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

৫। আসন সংখ্যা ও বন্টনঃ

(ক) খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী বি, আই, টি'র প্রতিটির প্রতি বিভাগে ৬০টি করে সর্বমোট ৫৪০টি আসনে ছাত্র ভর্তি করা হবে।

(খ) সকল কেন্দ্রে অনুষ্ঠিত সম্মিলিত ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য থেকে ভর্তি পরীক্ষায় পাওয়া নম্বরের সম্মিলিত মেধার ভিত্তিতে এবং প্রার্থীদের পছন্দের ক্রম অনুসারে বিভিন্ন বি, আই, টি'র বিভিন্ন বিভাগে স্থান দেয়া হবে। এক্ষেত্রে প্রার্থী কোন্ কেন্দ্রে দরখাস্ত জমা দিয়েছে বা ভর্তি পরীক্ষা দিয়েছে তা বিবেচ্য হবে না।

৬। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ

| | |
| --- | --- |
| (ক) দরখাস্ত জমা নেয়ার শেষ সময়সীমা, (ডাকযোগে বা ব্যক্তিগতভাবে) | ঃ মংগলবার, ১৪ই মার্চ, ১৯৮৯ বেলা ২টা পর্যন্ত। |
| (খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমোদন পাওয়া প্রার্থী তালিকা ও নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের নাম প্রকাশনা। | ঃ বৃহস্পতিবার, ২৭শে এপ্রিল, ১৯৮৯ |
| (গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়। | ঃ শনিবার, ২০শে মে, ১৯৮৯ সকাল ১০টা থেকে বেলা দেড়টা। |
| (ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশনা। | ঃ শনিবার, ৩রা জুন, ১৯৮৯। |

৭। ভর্তি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য খুলনা, চট্টগ্রাম বা রাজশাহী বি, আই, টি'র পরিচালক-এর দপ্তরে যোগাযোগ করতে হবে। ১২-২-৮৯ থেকে উপরোক্ত বি, আই, টিসমূহে অফিস চলাকালীন সময়ে ফরম পাওয়া যাবে।

প্রফেসর এম, এ, হান্নান
সভাপতি,
সম্মিলিত ভর্তি কমিটি
বি, আই, টিসমূহ।

ডিএফপি-(স)২২০৯/৬-২
জি—৫৫৭/৮৯